

নং- ৩৭.০০.০০০০.০৭৬.০৮.০১৪.১৬(অংশ)-১২৬

তারিখঃ

০৩ কার্তিক, ১৪২৫
১৮ অক্টোবর, ২০১৮

প্রজ্ঞাপন

কারিগরি শিক্ষা অধিদপ্তরধীন কুষ্টিয়া জেলার হোসেনাবাদ টেকনিক্যাল স্কুল ও কলেজ এর অধ্যক্ষ (সাময়িকভাবে বরখাস্ত) জনাব মোঃ মোশারফ হোসেন এর বিরুদ্ধে একাডেমিক ও প্রশাসনিক কাজে অদক্ষতা, কোচিং বাণিজ্য, আর্থিক অনিয়ম ও অসজ্ঞাতি, স্বেচ্ছাচারিতা এবং দুর্নীতিসহ নিয়মিত অফিসে উপস্থিত না থাকার বিষয়ে গুরুতর অভিযোগের ভিত্তিতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ১৯৮৫ এর ১১(১) বিধি অনুযায়ী সাময়িকভাবে বরখাস্ত (Suspension) করা হয়। অতঃপর সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ৩(বি) অনুযায়ী ‘অসদাচরণ’ এবং বিধি ৩(ডি) অনুযায়ী ‘দুর্নীতি’ এর অভিযোগে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রস্তুত করে জনাব মোঃ মোশারফ হোসেন বরাবর প্রেরণ করা হয়। অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর পরিপ্রেক্ষিতে জনাব মোঃ মোশারফ হোসেন এর দাখিলকৃত জবাব এবং বিগত ২৪/০৪/২০১৭ তারিখে তার ব্যক্তিগত শুনানি পর্যালোচনায় তা সন্তোষজনক বিবেচিত না হওয়ায় আনীত অভিযোগের বিষয়ে তদন্তের জন্য অত্র বিভাগের উপসচিব (বর্তমানে যুগ্মসচিব) জনাব এস এম মাহাবুবুর রহমানকে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়।

০২। তদন্ত কর্মকর্তার তদন্ত প্রতিবেদনসহ সংশ্লিষ্ট রেকর্ডপত্র পর্যালোচনায় জনাব মোঃ মোশারফ হোসেন, অধ্যক্ষ (সাময়িকভাবে বরখাস্ত), হোসেনাবাদ টেকনিক্যাল স্কুল ও কলেজ এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ৩(বি) অনুযায়ী ‘অসদাচরণ’ এবং বিধি ৩(ডি) অনুযায়ী ‘দুর্নীতি’ এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় জনাব মোঃ মোশারফ হোসেনকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ৭(৬) এর আলোকে গুরুদণ্ডের আওতায় কেন তাকে “চাকরি থেকে বরখাস্ত (dismissal from Service)” করা হবে না সে বিষয়ে পত্র প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জবাব দাখিলের জন্য দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ তার বর্তমান ও স্থায়ী ঠিকানায় ডাকযোগে প্রেরণ করা হয়। তিনি বিগত ১৮/০৬/২০১৮ তারিখের স্বাক্ষরে ২য় কারণ দর্শানো নোটিশের লিখিত জবাব দাখিল করেন।

০৩। এফগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ জারি হওয়ায় সংশ্লিষ্ট বিধিমালার বিধি ২৮(খ) অনুযায়ী জনাব মোঃ মোশারফ হোসেনের চলমান মামলা নিষ্পত্তির কার্যক্রম শুরু করা হয়।

০৪। বুজুকৃত বিভাগীয় মামলার ধারাবাহিক কার্যক্রমের এ পর্যায়ে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর বিধি ৪(৩)(ঘ) অনুযায়ী গুরুদণ্ডের আওতায় জনাব মোঃ মোশারফ হোসেনকে “চাকরি থেকে বরখাস্ত (dismissal from Service)” করার প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হয় এবং এ বিষয়ে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের পরামর্শ চেয়ে পত্র প্রেরণ করা হয়। বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর বিধি ৪(৩)(ঘ) মোতাবেক অভিযুক্ত জনাব মোঃ মোশারফ হোসেন কে “চাকরি হতে বরখাস্ত (dismissal from Service)” করার বিষয়ে মন্ত্রণালয় কর্তৃক গৃহীত সিদ্ধান্তের সাথে একমত পোষণ করে।

০৫। বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের মতামত এবং তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদনসহ সংশ্লিষ্ট সকল রেকর্ডপত্র পর্যালোচনায় জনাব মোঃ মোশারফ হোসেন এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী ‘অসদাচরণ’ এবং বিধি ৩(ঘ) অনুযায়ী ‘দুর্নীতি’ এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে উক্ত বিধিমালার ৪(৩)(ঘ) অনুযায়ী গুরুদণ্ডের আওতায় “চাকরি থেকে বরখাস্ত (dismissal from Service)” করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

০৬। এমতাবস্থায়, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর বিধি ৪(৩)(ঘ) অনুযায়ী কারিগরি শিক্ষা অধিদপ্তরধীন কুষ্টিয়া জেলার হোসেনাবাদ টেকনিক্যাল স্কুল ও কলেজ এর অধ্যক্ষ (সাময়িকভাবে বরখাস্ত), জনাব মোঃ মোশারফ হোসেন-কে আদেশ জারীর তারিখ হতে “চাকরি থেকে বরখাস্ত (dismissal from Service)” করা হলো।

০৭। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাঃ/-

১৮/১০/২০১৮

(মোঃ আলমগীর)


সচিব

ফোন: ৯৫৮২২২১

ই-মেইল: secretary@tmed.gov.bd

অনুলিপিঃ

- ১। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
- ২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (জনাব মো: মোশারফ হোসেন এর ব্যক্তিগত নথিতে/ডেসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।
- ৩। মাননীয় মন্ত্রী'র একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। মাননীয় প্রতিমন্ত্রী'র একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৭। অধ্যক্ষ, হোসেনাবাদ টেকনিক্যাল স্কুল ও কলেজ, দৌলতপুর, কুষ্টিয়া।
- ৮। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৯। জনাব মো: মোশারফ হোসেন, অধ্যক্ষ (সাময়িকভাবে বরখাস্ত), হোসেনাবাদ টেকনিক্যাল স্কুল ও কলেজ, দৌলতপুর, কুষ্টিয়া।



মো: আব্দুর রহিম
উপসচিব (কারিগরি-৩)